



কমিউনিটি জাস্টিস সেন্টার

কমিউনিটি জাস্টিস সেন্টার বলতে কি বোঝায়?

কোন প্রকার আইনী ব্যবস্থা গ্রহণ না করে তাদের নিজস্ব বিরোধ সালিশের মাধ্যমে সমাধান করে কমিউনিটিকে সাহায্য করার উদ্দেশ্য নিয়ে নর্দান টেরিটরী সরকার দি কমিউনিটি জাস্টিস সেন্টার (সিজেসি) প্রতিষ্ঠা করে। আমাদের এই সেবা গোপনীয়, স্বেচ্ছপ্রণোদিত, সময়ানুযায়ী, সহজলভ্য এবং বিনামূল্যে প্রদান করা হয়।

কেন সালিশ বেছে নিবেন?

সালিশ ব্যবস্থায় জনসাধারণ একত্রিত হয়ে তাদের মধ্যকার বিরোধ সমূহ আলোচনা করে থাকে। এখানে সকলেই বিরোধ নিষ্পত্তি ও সমাধানের উপায় ও বিরোধ সমাধানের রায়ের আলোকে কথা বলার সুযোগ পান। এর মাধ্যমে এমন ব্যবস্থা নেয়া হয় যাতে কোন প্রকার আইনী ব্যবস্থা গ্রহণ ছাড়াই বিরোধ সমাধান করা যায়, যাকিনা সময় ও ব্যয় সাপেড়া।

প্রশিক্ষণপ্রাপ্ত সালিশ মধ্যস্থকারীর সাহায্যে নিরাপদ পরিবেশে অনানুষ্ঠানিক বৈঠকে জনসাধারণের বিরোধগুলো একে একে সমাধান করার ব্যবস্থা নিয়ে থাকে সিজেসি কর্তৃপক্ষ। সিজেসি কার্যালয়ে এক বা দুইজন প্রশিক্ষিত এবং নিপপেড়া মধ্যস্থতাকারীর মাধ্যমে সালিশী বৈঠক করে আপনাকে সাহায্য করা হবে।

- বিষয়টি চিহ্নিত করমন
- বিষয়টি সমাধানের দিকগুলো নিয়ে চিন্তা করমন
- অন্যান্যদিকগুলো নিয়েও ভাবুন
- একটি চুক্তিতে পৌছার লক্ষ্যে একত্রিত হয়ে কাজ করমন

সালিশ বৈঠক কিভাবে চালানো হয় তা মধ্যস্থতাকারী বুঝিয়ে দিবেন। এক্ষমতে পৌছার জন্যে বিরোধে জড়িত ব্যক্তিগন আলোচনা করবেন এবং সিদ্ধান্ত নিবেন।

মধ্যস্থতাকারীগন নিরপেড়া এবং কোন পড়ের দিকে অবস্থান করবেন না অথবা কোন প্রকার আইনী উপদেশ দিবেন না।

শতকরা ৮৫ভাগের উপর সালিশি ব্যবস্থা সফলভাবে চুক্তিতে উপনীত হতে পেরেছে। বেশীরভাগ ক্ষেত্রে সালিশি বৈঠক দ্রুততর আয়োজন করা হয় এবং প্রায় ২-৪ ঘন্টা লাগবে।

কি ধরনের বিরোধ সমূহ সালিশির জন্যে উপযোগী?

নিম্নোক্ত বিরোধগুলো সহ সিজেসি আপনাকে ব্যপকমাত্রায় বিভিন্নধরনের বিরোধে সাহায্য করতে পারে:



- স্থানীয় কমিউনিটি/প্রতিবেশীদের মধ্যে বিরোধ যেমন বেড়া নিয়ে, অপ্রীতিকর শব্দ, পোষা প্রাণী, গাছপালা, সম্পত্তির জ্ঞাতিসাধন এবং মানুষের আচরণ।
- সভা-সমিতির সদস্যের মধ্যকার সংঘাত।
- পারিবারিক সদস্যদের মধ্যকার সম্পর্ক নিয়ে।
- ছোটখাট দাবী/মানবসমাজ বিষয়ক দাবী-দাওয়া।
- অসহায়ত্বের সুযোগে আইন লংঘনকারীর সাথে মতবিনিময়
- আরো অন্যান্য ধরনের বিরোধ সমূহ।

সালিশি বৈঠকের আয়োজন কিভাবে করা হয়?

আপনি আমাদের নাম্বারে বিনা খরচায় ফোন করতে পারেন, লিখতে পারেন, ই মেইল বা স্বশরীরে হাজির হতে পারেন। বিনা খরচায় দোভাষী সেবাও পাওয়া যায়।

আপনি যখন সিজেসিতে ফোন করবেন তখন আমাদের অভিজ্ঞ কর্মচারী:

- আপনার সাথে কথা বলবেন সমস্যা নিয়ে এবং আপনি নিজেই কিভাবে সমাধান করতে পারেন তা নিয়ে আলোচনা করবেন।
- তথ্য সরবরাহ করবেন এবং/কোথাও পাঠাবেন।
- আপনার বিরোধ বিষয়টি সালিশি ব্যবস্থার জন্যে উপযুক্ত কিনা বিবেচনা করবেন এবং আপনাকে আপনার বিষয়ে, আপনার উদ্বেগ এবং অন্য যারা জড়িত তাদের সম্পর্কে সংক্ষিপ্ত তথ্য প্রদানের জন্যে বলবেন; এবং
- আপনাদের দুপক্ষের সুবিধামত সময়ে সালিশি বৈঠক আয়োজনের উদ্দেশ্যে আপনার অনুমতি সাপেক্ষে আমরা অন্যদের সাথে যোগাযোগ করব।

দিনের বেলা, সন্ধ্যাকালে অথবা সাপ্তাহিক ছুটির দিনেও সালিশির আয়োজন করা হয়।

সালিশি বৈঠক ডারউইনস্থ কমিউনিটি জাস্টিস সেন্টারে অথবা টেরিটোরি সীমানাধীন সুবিধাজনক স্থানীয় নির্দিষ্ট জায়গায় আয়োজন করা হয়ে থাকে।

টেলিফোনের মাধ্যমেও কনফারেন্স আয়োজন করা হয়ে থাকে।

আরো তথ্যের জন্যে যোগাযোগ করুন:

টেলিফোন: ১৮০০ ০০০ ৪৭৩

ফ্যাক্স: ০৮ ৮৯৯৯ ৬২২৬

Web: www.cjc.nt.gov.au

Email: cjc.doi@nt.gov.au

ডাক যোগাযোগ:

GPO Box 1722
DARWIN NT 0801

স্বশরীরে দেখা করুন:

1st Floor Darwin Magistrates Court
Nichols Place
Darwin NT 0800

